

আপনি কতটা ভালো মিথ্যাবাদী



আপনি আপনার বন্ধুর প্রতি কতটা বিশ্বস্ত? দু'জন দু'জনকে কতোটাই বা চেনেন? জীবনে চলার পথে নিজের দোষ ঢাকতে আপনি কি কখনো মিথ্যার আশ্রয় নেন? কৌশল অবলম্বন করতে হয়। যদি উত্তর হয় হ্যাঁ, তবে যাচাই করুন আপনি কতটা ভালো মিথ্যা কথা বলতে পারেন।

১. অফিস শেষে সহকর্মীরা আপনাকে কোনো আড্ডায় বা তাদের সঙ্গে পার্টিতে যাওয়ার আমন্ত্রণ জানালে, সে ক্ষেত্রে আপনার বন্ধুকে বলবেন-

ক. জরুরি কাজে যাচ্ছেন, অফিসের মিটিং আছে, ১ ঘন্টার মধ্যে বাসায় ফিরবেন।

খ. অফিসের বসের জোরাজুরিতেই আপনাকে যেতে হচ্ছে।

গ. ডিনারের জন্য বসে থাকতে হবে না। ফিরতে দেরি হবে।

২. যদি আপনি আপনার প্রাক্তন প্রেমিক/প্রেমিকার সঙ্গে গোপনে দেখা করতে যান- তবে আপনি কী বলেন?

ক. আপনার অসুস্থ আত্মীয়কে দেখতে যাচ্ছেন। আপনার খালা অসুস্থ।

খ. আপনি সিনেমা দেখতে যাচ্ছেন, যেটা আপনার সঙ্গী/সঙ্গিনীর অপছন্দ।

গ. আপনাকে অনেকক্ষণ ধরে বাইরের কাজে ব্যস্ত থাকতে হবে।

৩. যদি আপনি মিথ্যা বলেন,

ক. লজ্জায় আপনার মুখ লাল হয়ে যায়।

খ. আপনার বন্ধুর চোখের দিকে তাকাতে অস্বস্তি বোধ করেন।

গ. সরাসরি তার চোখের দিকে তাকিয়ে বলেন।

৪. যখন সেই মিথ্যা বলেন, তখন আপনি-

ক. যতটা সম্ভব সেটাকে সত্যের কাছাকাছি করে বলার চেষ্টা করেন।

খ. তাকে এমনভাবে নিশ্চয়তা দেন যে

যাচাই করার সুযোগ দেন না।

গ. এতোটা বানোয়াট কথার আশ্রয় নেন যেন কেউ ধরতে না পারে। সন্দেহ করতে না পারে।

৫. যখন আপনি শিশু ছিলেন অর্থাৎ শৈশবে যদি আপনি কোনো প্লেট ভাঙতেন তাহলে অনুশোচনা করার চেয়ে প্লেটের ভাঙা টুকরোগুলো লুকিয়ে ফেলতেন।

ক. হ্যাঁ, খ. না, গ. কখনো হ্যাঁ, কখনো না।

৬. যদি আপনার বন্ধুর ড্রয়ার তাল্লা বন্ধ করে রাখে তবে আপনি-

ক. যেকোনো উপায়ে সেটা খোলার চেষ্টা করবেন।

খ. রাগান্বিত হবেন এবং এটাকে খারাপ অর্থে দেখবেন।

গ. স্বাভাবিকভাবে নেবেন, সবকিছুই যে শেয়ার করতে হবে তা নয়।

৭. যদি আপনার বন্ধু আপনার মিথ্যা ধরে ফেলতে পারে, আপনি-

ক. দয়া, করুণা পাবার জন্য আত্মপক্ষ সমর্থন করবেন।

খ. তাকে বুঝিয়ে বলার চেষ্টা করবেন।

গ. আরও মিথ্যা বলে কথা এড়ানোর চেষ্টা করবেন।

৮. আপনাকে যদি জিজ্ঞেস করে অতীতে আপনার কোনো প্রেমিক/প্রেমিকা ছিল কি না-

ক. তাকে সত্য কথা বলবেন।

খ. তার কথা এড়িয়ে যাবেন।

গ. তাকে বলবেন, সেই আপনার কাছে সর্বাপেক্ষা শ্রেষ্ঠ।

৯. যদি আপনি এমন কোনো বন্ধুর সঙ্গে দেখা করেন যাকে আপনার বন্ধু অপছন্দ করে এবং আপনি কার সঙ্গে ছিলেন জিজ্ঞাসা করা হলে আপনি বলেন, অন্য কারও সঙ্গে ছিলেন এটা আপনার কাছে-

ক. কৌশলের আশ্রয় নেবেন।

খ. আঘাত না দেবার জন্য সামান্য মিথ্যা বলা যায়।

গ. চরম মিথ্যা।

১০. আপনার কাছে যদি উদ্বৃত্ত কিছু টাকা থাকে। আপনি-

ক. এটা রেখে দেবেন এবং বন্ধুকে কিছুই বলবেন না।

খ. এটা রেখে দেবেন কিন্তু আপনার বন্ধুকে জানাবেন।

গ. দু'জন একসঙ্গে মিলে কেনাকাটা করে খরচ করে ফেলবেন।

স্কোর

	ক	খ	গ
১.	২	০	১
২.	০	২	১
৩.	০	১	২
৪.	২	১	০
৫.	০	২	১
৬.	১	০	২
৭.	১	২	০
৮.	০	২	১
৯.	২	১	০
১০.	২	১	০

যদি আপনার স্কোর হয়-

০ থেকে ৫ : আপনি একান্ত সংকটময় অবস্থাতেই আপনার সঙ্গী বা সঙ্গিনীকে বোকা বানান। আপনার সঙ্গীকে বোকা বানানোর মতো সুযোগ নেয়ার ক্ষমতা আপনার মধ্যে তেমন নেই। কিন্তু চিন্তা করবেন না। কারণ এ অক্ষমতার কারণেই সত্যিকার অর্থে আপনি একজন সৎ ও নিষ্ঠাবান লোক। চেষ্টা করুন এমন সব অবস্থা এড়াতে, যাতে আপনার সঙ্গী-সঙ্গিনী আপনাকে ভুল না বোঝে।

৫ থেকে ১২ : আপনি প্রয়োজনের সময় আপনার সঙ্গী-সঙ্গিনীকে বোকা বানাতে পারেন। তবে একান্ত প্রয়োজন না হলে মিথ্যার আশ্রয় নেবেন না। কেননা পরবর্তীতে তা অভ্যাসে পরিণত হয়ে যেতে পারে। এর ফলে হয়তো বা আপনার সঙ্গী ও সঙ্গিনী আপনার প্রতি আস্থা হারিয়ে ফেলতে পারে।

১২ থেকে ২০ : আপনি আপনার সঙ্গী বা সঙ্গিনীটাকে বোকা বানাতে ওস্তাদ। আপনি যতটা সম্ভব দৃঢ়তার সঙ্গে মিথ্যা বলেন। এ অর্থে আপনাকে মিথ্যাবাদীই বলা চলে। সত্যি, একটু ভেবে দেখুন- এটা কি আপনার জন্য কোনো সুফল বয়ে আনবে? তাই সাবধান। আপনি যদি আপনার মধ্যকার সম্পর্কের মূল্য দেন তবে এসব বদভ্যাস পরিহার করুন এবং সেজন্যে এখন থেকেই চেষ্টা করুন। সংকল্পবদ্ধ হোন।

i`gYbv Rvgyb